# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৯/২০১৬/১৫০১২ তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

গোহালিয়াবাড়ী ফাজিল মাদরাসা, ডাকঘর: নিকরাইল, উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯-০১-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসাটির শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. ফাজিল (স্নাতক) পাস স্তরের শিক্ষার্থী বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. অতি দ্রুততম সময়ের মধ্যে শূন্য পদসমূহ পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. শ্রেণিকক্ষের নাম সম্বলিত বোর্ডটি হতে হবে ভালো মানের এবং বোর্ডে আরবি, বাংলা ভাষায় শ্রেণির নাম লিখতে হবে;
৫. মাদরাসার মূল ফটক ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৬. অতি দ্রুত লাইব্রেরি ও বিজ্ঞানাগারের ব্যবস্থা করত: লাইব্রেরিতে রেফারেন্স বইয়ের পরিমাণ বৃদ্ধি করতে হবে;
৭. দ্রুততম সময়ের মধ্যে সীমানা প্রাচীর নির্মাণ করার পাশাপাশি মাদরাসার সহ-পাঠক্রমিক কার্যক্রম নিশ্চিত করতে হবে;
৮. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;
৯. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি গাইড বই আনয়ন নিষিদ্ধ করতে হবে;
১০. কুরআন শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১১. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দিতে হবে;
১২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/১৪/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

গোহালিয়াবাড়ী ফাজিল মাদরাসা
ডাকঘর: নিকরাইল, উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৯/২০১৬/১৫০১২ তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গোহালিয়াবাড়ী ফাজিল মাদরাসা, ডাকঘর: নিকরাইল, উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।
৭. অফিস নথি।

14.08.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫